



অবিলম্বে প্রকাশের উদ্দেশ্যে: 3/10/2020

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো

গভর্নর কুওমো নিউ ইয়র্ক স্টেটের প্রধান হিসাবরক্ষক টম ডিনাপোলিকে বাজারের উপরে নভেল করোনাভাইরাসের প্রভাবের আলোকে রাজস্ব পূর্বাভাস পুনর্বিবেচনা করতে বললেন

গভর্নর অ্যাঙ্কু এম. কুওমো আজ নিউ ইয়র্ক স্টেটের প্রধান হিসাব রক্ষক টম ডিনাপোলিকে বাজারের উপরে নভেল করোনাভাইরাসের প্রভাবের আলোকে স্টেটের রাজস্ব আয়ের পূর্বাভাস পুনর্বিবেচনার করার কথা বলে চিঠি পাঠিয়েছেন।

চিঠিটির সম্পূর্ণ বার্তা নিচে দেওয়া হল:

প্রিয় প্রধান হিসাব রক্ষক ডিনাপোলি,

স্টেটের বাজেট প্রস্তুতির অংশ হিসেবে আমাদের স্টেটের রাজস্ব হিসেব পর্যালোচনা করার ক্ষেত্রে আপনি যে সকল কাজ করেছেন, তার জন্য আপনাকে ধন্যবাদ।

আপনি যেমন জানেন যে আমরা সম্প্রতি সামগ্রিক রাজস্ব পূর্বাভাস সম্পন্ন করেছি যাতে আপনার কার্যালয়ের পাশাপাশি স্বাধীন বিশেষজ্ঞরাও অংশগ্রহণ করেছিলেন যারা অর্থনীতির অগ্রগতির অনিশ্চয়তার বিষয়ে মতামত দিয়েছিলেন এবং তার পর থেকে দৃষ্টিভঙ্গির অবনতি ঘটেছে। এখন আমরা চলতি এবং আসন্ন অর্থবছরের সামগ্রিক রাজস্ব পূর্বাভাসের উপর ভিত্তি করে করা রাজস্ব অনুমানের উপর আমাদের বাজেট প্রবর্তন করছি। রাজস্ব অনুমান স্টেটের পুরো বাজেটের ভিত্তি। যদি রাজস্ব পূর্বাভাস ভুল হয় তাহলে এর উপরে ভিত্তি করে করা সকল কিছুই ভুল হবে।

আপনি জানেন যে বিগত মাত্র কয়েক দিন এবং সপ্তাহের মধ্যে বিশ্ব পরিবর্তিত হয়ে গিয়েছে। বিশ্ব আর্থিক বাজারের নড়বড়ে ভাব নিঃসন্দেহে আগামী বছরের জন্য করা আমাদের অর্থনৈতিক প্রবৃদ্ধির পূর্বাভাস এবং আর্থিক খাত থেকে আসা রাজস্বের উপরে প্রভাব ফেলবে। স্কুল বন্ধ, ভ্রমণে বাঁধা, শূন্য রেস্টোঁরা ও হোটেল এবং বাতিল হয়ে যাওয়া ব্যবসায়িক বৈঠক সহকারে COVID-19 মহামারীটি সমাজের প্রতিটি খাতকে ক্ষতিগ্রস্ত করতে পারে।

আমরা বাজেট আলোচনার চূড়ান্ত পর্যায়ে আছি এবং আমি বলব যে আপনি সর্বশেষ পরিস্থিতির আলোকে আমাদের রাজস্ব অনুমানের ঝুঁকি বিশ্লেষণ করুন। আমাদের বাজেট দুটি অনুমানের উপর নির্ভর করে: চলতি এবং পরের বছরের রাজস্ব অনুমান এবং অন্তর্নিহিত অর্থনৈতিক প্রবৃদ্ধির

পূর্বাভাস। স্টেটের বর্তমান অর্থ বছরের অনুমান কিভাবে নিরাপদ থাকতে পারে তা আমি দেখতে পাচ্ছি কিন্তু তবুও আমি আপনার বিবেচনার সহায়তা কামনা করছি। আমি আগামী বছরের পূর্বাভাসে সম্ভাব্য বড় প্রভাব দেখতে পাচ্ছি এবং আগামী বছরের রাজস্ব অনুমান এবং আগামী বছরের জন্য প্রস্তুত হতে এই বছরের বাজেটে আমাদের, যদি কিছু করতেই হয় তাহলে, কী করা উচিত সে বিষয়ে আপনার মতামতটি চাই।

আমি বুঝি যে কারো কাছেই জাদুর গোলক (Crystal Ball) নেই তবে আমি এটিও বুঝতে পারি যে রাজস্ব অনুমান একটি প্রয়োজনীয় এবং অপরিহার্য কাজ এবং অনেক জাতীয় অর্থনৈতিক উপদেষ্টা বিশ্বব্যাপী বাজারের প্রভাব সম্পর্কে তত্ত্ব উপস্থাপন করছেন এবং কাছাকাছি মেয়াদের অর্থনৈতিক পূর্বাভাস বিষয়ে আমূল সংশোধন করছেন। আমি আপনাকে এগুলোর পর্যালোচনা করে নিউ ইয়র্ক স্টেটের জন্য সুপারিশ করতে বলব। সময় সংক্ষিপ্ত হবার কারণে, 7 দিনের মধ্যে আপনার পরামর্শ পেলে কৃতজ্ঞ থাকব। অসংখ্য ধন্যবাদ।

বিনীত,

গভর্নর অ্যান্ড্রু এম. কুওমো

###

অতিরিক্ত তথ্য পেতে দেখুন www.governor.ny.gov
নিউইয়র্ক স্টেট | এক্সিকিউটিভ চেম্বার | press.office@exec.ny.gov | 518.474.8418

[আনসাবক্লাইব করুন](#)